GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
MINISTRY OF PUBLIC ADMINISTRATION

STATISTICS OF CIVIL OFFICERS AND STAFF, 2013

Compiled by:

Statistics and Research Cell
Reform, Research and Law Wing

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
MINISTRY OF PUBLIC ADMINISTRATION

STATISTICS OF CIVIL OFFICERS AND STAFF, 2013

Compiled by:

Statistics and Research Cell
Reform, Research and Law Wing

(According To Information Collected in the Year 2013)

ইসমাত আরা সাদেক, এমপি
প্রতিমন্ত্রী
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মুখবন্ধ

জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিসংখ্যান ও গবেষণা কোষ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বেসামরিক জনবলসংক্রান্ত 'Statistics of Civil Officers and Staff, 2013' প্রকাশ করছে জেনে আমি অত্যন্ত আনন্দিত।

বর্তমান বিশ্বে সরকারি নীতি নির্ধারণ, পরিকল্পনা প্রণয়ন, কর্মসূচি বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়নে পরিসংখ্যানের গুরুত্ব অপরিসীম। আর্থসামাজিক প্রগতির লক্ষ্যে প্রণীত উন্নয়ন পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন সঠিক তথ্য ও পরিসংখ্যানের উপর অনেকাংশে নির্ভরশীল। দেশের সার্বিক কল্যাণের লক্ষ্যে সরকার যেসব কার্যক্রম গ্রহণ করে থাকে, পরিসংখ্যানের মাধ্যমে তার অগ্রগতি সম্পর্কে ধারণা লাভ করা যায়। সরকার বিভিন্ন আর্থসামাজিক খাতের নির্ভরযোগ্য তথ্য সংগ্রহ, সংকলন ও প্রকাশনার উপর গুরুত্ব আরোপ করে থাকে। প্রতিবছরের ন্যায় জনপ্রশাসন মন্ত্রণালয় বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/পরিদপ্তর ও স্বায়ত্বশাসিত সংস্থায় নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীর তথ্য-উপাত্ত সংগ্রহ করে তার ভিত্তিতে 'Statistics of Civil Officers and Staff, 2013' শীর্ষক পরিসংখ্যান পুস্তিকাটি প্রকাশ করতে যাচ্ছে।

বর্তমান সরকার সার্বিক জনকল্যাণ, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ ও ভিশন-২০২১'র সফল বাস্তবায়নের হাতিয়ার হিসেবে পরিসংখ্যানের আরো বিস্তৃত প্রয়োগের উদ্যোগ নিয়েছে। এর আওতায় ২০১৫ সাল নাগাদ সরকারি পরিসংখ্যান পদ্ধতি ও ব্যবস্থাপনা 'ডিজিটালাইজড' ও 'কাগজবিহীন' করারও পদক্ষেপ নেওয়া হয়েছে। বর্তমান প্রকাশনাকে এই লক্ষ্য অর্জনের একটি ধাপ হিসেবে বিবেচনা করা যায়। ভবিষ্যতে এই পরিসংখ্যান পুস্তিকা আরও সমৃদ্ধ করার ও এর অনলাইন প্রকাশনার উদ্যোগও নেয়া হবে।

পুস্তিকাটি প্রকাশের সঙ্গে সংশ্লিষ্ট সবাইকে আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন জানাই।

Ismat Ara Sadiq
18.9.2014
ইসমাত আরা সাদেক, এমপি

ড. কামাল আবদুল নাসের চৌধুরী
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপক্রমণিকা

বর্তমানে অবাধ তথ্য প্রবাহের যুগে তথ্যই বড় শক্তি হিসেবে গণ্য হচ্ছে। এই শক্তির যথাযথ ব্যবহার কতগুলো নিয়ামকের ওপর নির্ভরশীল। তথ্যভান্ডার হচ্ছে উক্ত নিয়ামকসমূহের একটি গুরুত্বপূর্ণ অংশ। বাংলাদেশ তথ্য প্রবাহের বহুল ব্যবহার নিশ্চিত করে বর্তমানে ডিজিটাল যুগে প্রবেশ করেছে।

সরকারি নীতি নির্ধারণ, সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়নে প্রজাতন্ত্রের কর্মকর্তা ও কর্মচারীদের সঠিক পরিসংখ্যানের ভূমিকা গুরুত্বপূর্ণ। সময়ের চাহিদার সাথে সংগতি রেখে বিভিন্ন সেবাকে জনগণের নিকট দ্রুত ও সহজে পৌঁছানোর নিমিত্ত বাংলাদেশ সরকার ইতোমধ্যেই রূপকল্প-২০২১ বাস্তবায়নে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সূচিত অগ্রগতির এ ধারাবাহিকতা রক্ষা করতে হলে সকল ক্ষেত্রে সঠিক তথ্য সংরক্ষণ প্রয়োজন। জনপ্রশাসন সংক্রান্ত তথ্যও এক্ষেত্রে তাৎপর্যবহ।

সরকারের Rules of Business-এর Schedule-I (Allocation of Business among the different Ministries and Divisions)-এ জনবলসংক্রান্ত পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে বেসামরিক জনবলের পরিসংখ্যান সংগ্রহ ও সংকলনের দায়িত্ব জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওপর অর্পণ করা হয়েছে। এ লক্ষ্যে সংস্কার, গবেষণা ও আইন অনুবিভাগের পরিসংখ্যান ও গবেষণা কোষ থেকে "Statistics of Civil Officers and Staff" শীর্ষক পরিসংখ্যান পুস্তিকাটি নিয়মিত প্রকাশ হয়ে থাকে। এ পুস্তিকায় বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/ পরিদপ্তর, স্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশন এবং মাঠ পর্যায়ের বিভাগীয়, জেলা ও উপজেলা কার্যালয়সহ বিদেশে অবস্থিত কূটনৈতিক মিশনসমূহের বেসামরিক জনবলের তথ্য সংকলিত হয়। এতে বিভিন্ন দপ্তর/সংস্থার অনুমোদিত পদ, শূন্যপদ ও বিদ্যমান জনবলের বেতন স্কেল-ভিত্তিক তথ্য সন্নিবেশিত থাকে। এ ছাড়া মহিলা কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের পরিসংখ্যান আলাদাভাবে দেখানো হয়।

এ পুস্তিকার তথ্য সংগ্রহ ও প্রকাশনার সঙ্গে যুক্ত পরিসংখ্যান ও গবেষণা কোষ, লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র এবং সরকারি প্রেসের কর্মকর্তা-কর্মচারীবৃন্দের নিষ্ঠা, শ্রম ও ঐকান্তিক প্রচেষ্টার জন্য তাঁদের সবাইকে অশেষ ধন্যবাদ জানাচ্ছি।

এ পুস্তিকাকে অধিকতর তথ্যবহুল ও ফলপ্রসূ করার লক্ষ্যে যে কোনো মূল্যবান পরামর্শ/মতামত সাদরে গৃহীত হবে।

(ড. কামাল আবদুল নাসের চৌধুরী)
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়

মেজবাহ, 22 সেপ্টেম্বর 2014

ভূমিকা

জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংস্কার, গবেষণা ও আইন অনুবিভাগের পরিসংখ্যান ও গবেষণা কোষ প্রজাতন্ত্রের বেসামরিক জনবলসংক্রান্ত তথ্যাদি সংকলনের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/পরিদপ্তর, স্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশন-এর তথ্য-উপাত্ত সংগ্রহ করে "Statistics of Civil Officers and Staff" শীর্ষক পরিসংখ্যান পুস্তিকা নিয়মিত প্রকাশ করে থাকে। এরই ধারাবাহিকতায় বিভিন্ন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে "Statistics of Civil Officers and Staff, 2013" শীর্ষক পরিসংখ্যান পুস্তিকাটি প্রকাশ করা হলো।

পুস্তিকায় বিভিন্ন ক্যাটাগরিতে শ্রেণিভিত্তিক, বেতন স্কেলভিত্তিক, জেন্ডারভিত্তিক ও উন্নয়ন খাতের জনবলের শ্রেণিভিত্তিক নানাবিধ তথ্য পরিবেশনের জন্য বিভিন্ন লেখচিত্র ও ছক ব্যবহার করা হয়েছে। এতে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/পরিদপ্তর, স্বায়ত্তশাসিত সংস্থা/ কর্পোরেশন-এর অনুমোদিত পদ, শূন্যপদ ও বিদ্যমান জনবলের বছরভিত্তিক পরিসংখ্যান সারণিতে প্রদর্শিত হয়েছে।

সংগৃহীত তথ্য অনুযায়ী ২০১৩ সালের শুরুতে প্রজাতন্ত্রের রাজস্বখাতে অনুমোদিত পদ ছিল ১৪,৭১,০৩৬ টি। এর মধ্যে কর্মরত ছিল ১১,৯৪,৪৪৯ জন। কর্মরত জনবলের মধ্যে প্রথম শ্রেণির ১,২৮,৯১১ জন, দ্বিতীয় শ্রেণির ১,০৬,৮১৭ জন, তৃতীয় শ্রেণির ৭,০৯,৬০৩ জন এবং চতুর্থ শ্রেণির ২,৪৯,১১৮ জন। তুলনামূলক বিশ্লেষণে দেখা যায় যে, মোট কর্মরত জনবলের ১০.৭৯% প্রথম শ্রেণিতে, ৮.৯৪% দ্বিতীয় শ্রেণিতে, ৫৯.৪১% তৃতীয় শ্রেণিতে ও ২০.৮৬% চতুর্থ শ্রেণিতে নিয়োজিত রয়েছে। এছাড়া ২০০৯ সালে ২,২৩,৬৪৪ জন, ২০১০ সালে ২,২৭,১১৪ জন, ২০১১ সালে ২,৫০,১৯৯ জন, ২০১২ সালে ২,৫২,৮৪৫ জন এবং ২০১৩ সালে ২,৮৮,৮০৪ জন মহিলা কর্মকর্তা ও কর্মচারী প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত ছিলেন। এ পরিসংখ্যান অনুযায়ী মহিলাদের সরকারি চাকুরিতে অংশগ্রহণের হারের ক্রমবৃদ্ধি লক্ষণীয়। পুস্তিকাটিতে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের উন্নয়ন খাতে নিয়োজিত জনবলের পরিসংখ্যানও সংযোজন করা হয়েছে। এ সকল তথ্য-উপাত্ত সরকারি ও বেসরকারি পর্যায়ে সংশ্লিষ্ট সকলের নিকট সহায়ক পুস্তিকা হিসেবে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণের পাশাপাশি গবেষণাকর্মে সাহায্য করবে বলে আশা করি।

পুস্তিকাটির তথ্য সংগ্রহ, পাণ্ডুলিপি প্রণয়ন ও প্রকাশের বিভিন্ন পর্যায়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সার্বিক তত্ত্বাবধান, সুচিন্তিত পরামর্শ ও দিকনির্দেশনার জন্য কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিসংখ্যান ও গবেষণা কোষ, লোকপ্রশাসন কম্পিউটার কেন্দ্র এবং সরকারি প্রেসের কর্মকর্তা-কর্মচারীবৃন্দের আন্তরিক প্রয়াস ও সহযোগিতায় পুস্তিকাটি প্রকাশ করা সম্ভবপর হয়েছে বিধায় তাদেরকে ধন্যবাদ জানাই।

পুস্তিকাটির মান উন্নয়ন এবং অধিকতর বস্তুনিষ্ঠ করার লক্ষ্যে যে কোনো মূল্যবান পরামর্শ ও মতামত পরবর্তী সংস্করণে গুরুত্বের সঙ্গে বিবেচিত হবে।

২২/০২/২০১৪

(মোঃ শাহজাহান আলী মোল্লা)
অতিরিক্ত সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়

CONTENTS

SL. No	Subject	Page
1.	Comparative Statement of Civil Officers and Staff of the Ministries/Divisions, Departments/Directorates, Divisional/Deputy Commissioner's Offices and Autonomous Bodies/Corporations from 2009-2013.	1
2.	Graph of Civil Officers and Staff of the Ministries/Divisions, Departments/ Directorates, Divisional/Deputy Commissioner's Offices and Autonomous Bodies/Corporations.	3-11
3.	Class-wise Breakdown of Civil Officers and Staff.	13
4.	National Pay Scale and Consolidated/Honorary & Fixed Pay wise Breakdown of Civil Officers and Staff.	15
5.	Class-wise Statistics of Civil Officers and Staff of the Ministries/Divisions.	21
6.	Class-wise Statistics of Civil Officers and Staff of the Departments and Directorates.	27
7.	Class-wise Statistics of Civil Officers and Staff of Divisional and Deputy Commissioner's Offices.	43
8.	Class-wise Statistics of Civil Officers and Staff of Autonomous Bodies and Corporations.	47
9.	Statistics of Class 1 Officers of the Ministries/Divisions by Scale of Pay.	63
10.	Statistics of Class 1 Officers of the Departments and Directorates by Scale of Pay.	75
11.	Statistics of Class 1 Officers of the Divisional and Deputy Commissioner's Office by Scale of Pay	105
12.	Statistics of Class 1 Officers of the Autonomous Bodies and Corporations by Scale of Pay.	113
13.	Class-wise Number of Female Officers and Staff.	141
14.	Scale-wise Breakdown of Female Officers and Staff.	143
15.	Class-wise Statistics of Male & Female Officers and Staff of the Ministries/ Divisions.	147
16.	Class-wise Statistics of Male & Female Officers and Staff of the Departments and Directorates.	153
17.	Class-wise Statistics of Male & Female Officers and Staff of the Divisional and Deputy Commissioner's Office.	169
18.	Class-wise Statistics of Male & Female Officers and Staff of Autonomous Bodies and Corporations.	173
19.	Class-Wise Statistics of Project Personnel of the Government of the People's Republic of Bangladesh (2013)	187